



Phone: (202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail: [bdoot\\_pwash@yahoo.com](mailto:bdoot_pwash@yahoo.com)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)

EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C. 20008

February 07, 2015

## **Press Release**

### **Bangladesh Ambassador meets Congressman Peter King**

Ambassador of Bangladesh to USA H.E. Mr. Mohammad Ziauddin met Congressman Peter King (Republican-New York) on 6 February, 2015 at his office in New York. During the courtesy call on, the Ambassador extensively briefed him about the policies and priorities of the present Government led by the Hon'ble Prime Minister Sheikh Hasina.

Referring to on-going cooperation with the friendly countries including the US, Bangladesh Ambassador said that Bangladesh and US have been cooperating in mutually beneficial areas including the area of counter-terrorism. While mentioning about the "zero tolerance" policy of the Hon'ble Prime Minister Sheikh Hasina against all kinds of extremism and terrorism, he expressed satisfaction that Bangladesh has been receiving cooperation from friendly countries including USA and EU on counter-terrorism issues. Mr. Ziauddin added that the present government is determined to keep the secular fabrics of Bangladesh to promote tolerance and moderation. Mr. Peter King, who is a Member of the Homeland Security Committee and Chairman of the Sub-Committee on Counter-terrorism and Intelligence, duly noted the points with deep interest.

Congressman Peter King evinced keen interest about Bangladesh's relations with its immediate neighbors particularly with the South Asian countries. In this connection, both stressed on increased exchanges of high level visits between Bangladesh and USA which will take the bilateral relationship to a new height.

Mr. Md. Shameem Ahsan, ndc, Consul General of Bangladesh in New York and Mr. Md. Shahabuddin Patwary, Economic Minister at the Bangladesh Embassy in Washington DC were also present.

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone: (202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mali: bdoot\_pwash@yahoo.com  
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C. 20008

০৭ ফেব্রুয়ারী ২০১৫

## প্রেস বিজ্ঞপ্তি

### কংগ্রেসম্যান পিটার কিং এর সাথে বাংলাদেশ এর রাষ্ট্রদূত এর সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জিয়াউদ্দিন ৬ ফেব্রুয়ারী ২০১৫ তারিখে কংগ্রেসম্যান পিটার কিং (রিপাবলিকান-নিউইয়র্ক) এর সাথে তার অফিসে সাক্ষাৎ করেন। সৌজন্য বৈঠকে রাষ্ট্রদূত প্রভাবশালী মার্কিন আইন প্রণেতাকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের নীতি ও কর্মসূচী সম্পর্কে অবহিত করেন। যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের সাথে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সহযোগিতার কথা উল্লেখ করে রাষ্ট্রদূত যুক্তরাষ্ট্র কর্তৃক সন্ত্রাস-দমনে (counter-terrorism) অব্যাহত সহায়তার কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুসৃত 'জিরো টলারেন্স' নীতির উপর তিনি আলোকপাতকালে এক্ষেত্রে যুক্তরাষ্ট্র, ই-ইউসহ অন্যান্য বন্ধুপ্রতীম দেশসমূহের অব্যাহত সহায়তার জন্য সন্তোষ প্রকাশ করেন। এ প্রসঙ্গে বাংলাদেশের রাষ্ট্রদূত সহনশীলতা ও মধ্যপন্থাকে উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশের ধর্মনিরপেক্ষ বৈশিষ্ট্য ধরে রাখার জন্যে সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে বলে জানান। কংগ্রেসম্যান বাংলাদেশের রাষ্ট্রদূত এর বক্তব্য গভীর আগ্রহের সাথে শোনেন। উল্লেখ্য, পিটার কিং একই সাথে হোমল্যান্ড সিকিউরিটি কমিটি-র সদস্য এবং কাউন্টার টেরোরিজম এবং ইন্টেলিজেন্স বিষয়ক সাব-কমিটির চেয়ারম্যান। আলোচনাকালে পিটার কিং প্রতিবেশী দেশসমূহের সাথে বিশেষ করে দক্ষিণ এশিয়ার দেশ সমূহের সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। বৈঠকে উভয়ে একমত হন যে, বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রে মধ্যে উচ্চ পর্যায়ে অধিকতর সফর দুদেশের সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাবে।

সভায় নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল জনাব মোঃ শামীম আহসান, এনডিসি এবং ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের ইকোনোমিক মিনিস্টার জনাব মোঃ শাহাবুদ্দিন পাটোয়ারী উপস্থিত ছিলেন।

